12

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... SEP. 12.19[illegible] ...
পৃষ্ঠা ৭/৫ কলাম ৮

# নিরক্ষরমুক্ত করতে কিশোরগঞ্জে সাক্ষরতা আন্দোলন শুরু

**কিশোরগঞ্জ জেলা সংবাদদাতা ঃ** ২০০১ সালের মধ্যে জেলাকে নিরক্ষর মুক্ত করতে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সার্বিক সাক্ষরতা আন্দোলন 'আলোর পথে কিশোরগঞ্জ'-এর কার্যক্রম শুরু হয়েছে। কর্মসূচীর প্রথম পর্যায়ে জেলার ১৩টি থানার ১টি করে গ্রাম ও ৩টি পৌরসভায় ১৬টি পাইলট প্রকল্প চালু করা হয়েছে। ১৭০টি কেন্দ্রের প্রতিটিতে ৩০ জন ১১ থেকে ৪৫ বছর বয়সী পুরুষ বা মহিলাকে অক্ষরজ্ঞান দেয়া হচ্ছে। পুরুষদের কেন্দ্রগুলোতে পাঠদান চলছে প্রতিদিন সন্ধ্যার পর ২ ঘন্টা করে ও মহিলাদের সন্ধ্যার আগে ২ ঘন্টা। এই প্রক্রিয়ায় ৬ মাস পাঠদান কর্মসূচী শেষে পরীক্ষার মাধ্যমে মূল্যায়ন করা হবে। গত ১ সেপ্টেম্বর থেকে সার্বিক সাক্ষরতা আন্দোলনের প্রাথমিক কার্যক্রম পাইলট প্রকল্প চালু হয়েছে। পাইলট প্রকল্প উদ্বোধন উপলক্ষে কিশোরগঞ্জ শহরে এক বর্ণাঢ্য র‌্যালী বের করা হয়।